

## আল-হুমাযা | Al-Humaza | الْهُمَزَةُ

আয়াতঃ ১০৪ : ৭

আরবি মূল আয়াত:

الَّتِي تَطَّلُعُ عَلَى الْأَفْئِدَةِ ۗ ﴿٧﴾

অনুবাদসমূহ:

যা হৃৎপিণ্ড পর্যন্ত পৌঁছে যাবে। — আল-বায়ান

যা হৃদয় পর্যন্ত পৌঁছে যাবে। — তাইসিরুল

যা হৃদয়কে গ্রাস করবে। — মুজিবুর রহমান

Which mounts directed at the hearts. — Sahih International

৭. যা হৃদয়কে গ্রাস করবে(১);

(১) ‘তাল্লালিউ’ শব্দটির মূলে হচ্ছে ইত্তিলা। আর ‘ইত্তিলা’ শব্দটির অর্থ হচ্ছে চড়া, আরোহণ করা ও ওপরে পৌঁছে যাওয়া। [জালালাইন] “আফইদাহ” শব্দটি হচ্ছে বহুবচন। এর একবচন হচ্ছে ‘ফুওয়াদ’। এর মানে হৃদয়। অর্থাৎ জাহান্নামের এই আগুন হৃদয়কে পর্যন্ত গ্রাস করবে। হৃদয় পর্যন্ত এই আগুন পৌঁছাবার একটি অর্থ হচ্ছে এই যে, এই আগুন এমন জায়গায় পৌঁছে যাবে যেখানে মানুষের অসংচিন্তা, ভুল আকীদা-বিশ্বাস, অপবিত্র ইচ্ছা, বাসনা, প্রবৃত্তি, আবেগ এবং দুষ্ট সংকল্প ও নিয়তের কেন্দ্র। [ফাতহুল কাদীর] এর দ্বিতীয় অর্থ হচ্ছে, আল্লাহর এই আগুন দুনিয়ার আগুনের মতো অন্ধ হবে না। সে দোষী ও নির্দোষ সবাইকে জ্বলিয়ে দেবে না। বরং প্রত্যেক অপরাধীর হৃদয় অভ্যন্তরে পৌঁছে সে তার অপরাধের প্রকৃতি নির্ধারণ করবে এবং প্রত্যেককে তার দোষ ও অপরাধ অনুযায়ী আযাব দেবে। এর তৃতীয় অর্থ হচ্ছে, দুনিয়ার আগুন মানুষের দেহে লাগলে হৃদয় পর্যন্ত পৌঁছার আগেই মৃত্যু হয়ে যায়। জাহান্নামে মৃত্যু নেই। কাজেই জীবিত অবস্থাতেই হৃদয় পর্যন্ত অগ্নি পৌঁছবে এবং হৃদয়-দহনের তীব্র কষ্ট জীবদ্দশাতেই মানুষ অনুভব করবে। [কুরতুবী]

তাকসীরে জাকারিয়া

৭। যা হৃদয়কে গ্রাস করবে। [1]

[1] অর্থাৎ, তার উষ্ণতা হৃদয় পর্যন্ত পৌঁছে যাবে। এমনিতেই পৃথিবীর সাধারণ আগুনের গুণ হল সমস্ত বস্তুকে জ্বলিয়ে ফেলা। কিন্তু পৃথিবীতে এই আগুন হৃদয় পর্যন্ত পৌঁছানোর পূর্বেই মানুষের মৃত্যু ঘটে যায়। জাহান্নামে তা হবে না; বরং সেই আগুন হৃদয় পর্যন্ত পৌঁছে যাবে। আর মৃত্যুকে আহ্বান করা সত্ত্বেও মৃত্যু আসবে না।

তাকসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=6186>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন